

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৪.১৮-২২৭৭

তারিখ

কার্তিক, ১৪২৫।

নভেম্বর, ২০১৮।

বিষয়ঃ রীট পিটিশন নং ১২৪৩৩/২০১৮ জনাব মোঃ কামাল হোসেন, পিতা- মোঃ সিরাজুল ইসলাম, গ্রাম-শ্বেতীনারায়নপুর, থানা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর বনাম সরকার মামলার দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ কামাল হোসেন, পিতা- মোঃ সিরাজুল ইসলাম, গ্রাম-শ্বেতীনারায়নপুর, থানা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর উঘারিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে যোগদানের জন্য প্রধান শিক্ষক, উঘারিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের স্মারক নং- উঘারিয়া সপ্রাবি/দকাপ্র (নিয়োগ)/২০১৮/২(১) তারিখঃ ০৩/০৯/২০১৮ খ্রিঃ অনুযায়ী নিয়োগ পত্র পান। নিয়োগ পত্র প্রাপ্তি সাপেক্ষে তিনি উক্ত বিদ্যালয়ে যোগদানের জন্য গত ০৯/০৯/২০১৮ খ্রিঃ তারিখে প্রধান শিক্ষক, উঘারিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় বরাবর যোগদান পত্র দাখিল করেন। কিন্তু প্রধান শিক্ষক তাঁর যোগদান পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তাঁর যোগদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে তিনি গত ১২/০৯/২০১৮ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর বরাবর একটি দরখাস্ত করেন। উক্ত দরখাস্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংক্ষুব্ধ হয়ে উঘারিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে যোগদানের দাবীতে মহামান্য সূপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২৪৪৩/২০১৮ দায়ের করেন। গত ১৫.১০.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Pending hearing of the Rule, respondent No.6 is directed to dispose of petitioner's representation dated 12.09.2018 (Annexure-D-1) in accordance with law within a period of 30(thirty) days from the date of receipt of a copy of this order.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১২৪৩৩/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১২৪৩৩/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।
২। ওকালতনামা ০২(দুই) খানা।
৩। ক্ষমতাপর্শনপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
চাঁদপুর।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৪.১৮-২২৭৭/১

তারিখ

কার্তিক, ১৪২৫।

নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
২। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)